ঝিনাইদহ-১ আসনের ফুলকপি এখন ট্রাকে!

খবরের শিরোনাম দেখে অনেকেই ভাবতে পারেন ফুলকপি হয়তো ট্রাকে বহন করা হচ্ছে। কিন্তু আসলে বিষয়টি তেমন নয়।

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-১ (শৈলকুপা উপজেলা) আসনে দুই স্বতন্ত্র প্রার্থীর প্রতিক ফুলকপি ও ট্রাক। প্রতিদ্বন্দ্বী এই দুই প্রার্থী হলেন স্বামী আর স্ত্রী। বাড়ির মধুর সম্পর্ক এখন ভোটের মাঠে ছড়িয়ে পড়েছে। নির্বাচনকে ঘিরে স্বামী-স্ত্রী দুজনা মাঠে নামলেও, ভোট চাওয়ার কৌশল ভিন্ন।

আর আলোচিত এই দুই প্রতিদ্বন্দ্বী প্রার্থী হলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি স্বতন্ত প্রার্থী নজরুল ইসলাম দুলাল ও তার স্ত্রী মুনিয়া আফরিন। নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী নজরুল ইসলাম পেয়েছেন ট্রাক প্রতীক। অন্যদিকে স্ত্রী মুনিয়া আফরিনের প্রতীক ‘ফুলকপি’।

নির্বাচন প্রচারাভিযানে গিয়ে বুধবার সরজমিন দেখা যায় নিজে প্রার্থী হলেও স্বামী নজরুল ইসলাম দুলালের পক্ষে ভোট চাইছেন স্ত্রী মুনিয়া আফরিন। দিনরাত করছেন উঠান বৈঠক। স্বামীর পক্ষে ভোট চাওয়া স্ত্রী মুনিয়া আফরিনের এমন কিছু ছবি ফেসবুকে ছড়িয়ে পড়েছে।

শৈলকুপার বিভিন্ন এলাকায় দেখা যায় স্বামীর ট্রাক প্রতীকের পোস্টার বিলি করে ভোট চাচ্ছেন মুনিয়া আফরিন। মুনিয়া আবার স্বামীর ট্রাক প্রতিক প্রদর্শন করে ছবিতে পোজ দিচ্ছেন।

লাঙ্গলবাঁধ এলাকার রহিমা বেগম নামে এক নারী জানান, মুনিয়া নিজে প্রার্থী তবুও স্বামী নজরুল ইসলামের জন্য ভোটের মাঠ চষে বেড়াচ্ছেন স্ত্রী। এটার কারণ ও রহস্য কি তা আমরা জানি না। জীবনে কোনদিন শুনি নাই যে, নিজের প্রার্থীতা বিসর্জন দিয়ে অন্যের জন্য কাজ করতে।

কমলা বানু নামে ধলহরাচন্দ্র এলাকার এক গৃহবধু জানান, স্বামীর প্রতি মুনিয়ার এই ভালোবাসা ও প্রার্থীতা কোরবানীর দৃশ্য ভোটারদের কাছে সন্দেহের জন্ম দিয়েছে। কি কারণে এমনটি তিনি করছেন

তা ভোটারদের দিনকে দিন কৌতুল করে তুলেছে। তবে রাজনৈতিক বিশ্লেষকদের মতে, ভোট কেন্দ্রে এজেন্টদের সংখ্যা বাড়ানো ও কেন্দ্র দখলের কোন উদ্দেশ্যও থাকতে পারে। কারণ একটি বুথে স্বামী স্ত্রীর পক্ষে দুই প্রতিকের নামে একাধিক এজেন্ট দিতে পারবেন তারা। আর এমনটি হলে বুথে তাদের অবস্থান ভাল থাকবে।

এ বিষয়ে জানতে চাইলে স্বতন্ত্র প্রার্থী মুনিয়া আফরিন জানান, ‘আমি নিজের জন্য প্রচারণা করছি, সঙ্গে স্বামীর পক্ষেও। প্রথম দিনে শৈলকুপার ভাটই এলাকায় নারীদের কাছে স্বামীর জন্য ভোট চেয়েছি। শৈলকুপার হাবিবপুর গ্রামে করেছি উঠান বৈঠক’।

তিনি বলেন, ‘স্ত্রী হিসেবে আমার দায়িত্ব আছে। আমি নিজের পাশাপাশি স্বামীর জন্যও মানুষের কাছে যাচ্ছি। ভোটাররা যাকে পছন্দ করবেন তাকেই ভোট দেবেন। এদিকে নিজে প্রার্থী হয়ে স্বামীর পক্ষে স্ত্রীর এই প্রচরণায় শৈলকুপা জুড়ে আলোচনা-সমালোচনার ঝড় বইছে। বিরোধীরা বিষয়টি সন্দেহের চোখে দেখছেন এবং তবে ভোটারদের কাছে কৌতুহলের জন্ম দিচ্ছে।

ঝিনাইদহে নৌকা ও স্বতন্ত্র সমর্থকদের মধ্যে সংঘর্ষ আহত ৪

ঝিনাইদহে নৌকা ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে আহত হয়েছেন উভয়পক্ষের অন্তত ৪ জন। তাদের মধ্যে আশিক হোসেন ও বকুল মোল্লাকে সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। একই সঙ্গে সংঘর্ষের ঘটনায় সাবেক ও বর্তমান চেয়ারম্যানসহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গতকাল মঙ্গলবার (২৬ ডিসেম্বর) সন্ধ্যায় সদরের সুরাট বাজরে এ ঘটনা ঘটে। সংঘর্ষের পর রাতে উভয়পক্ষ থেকে মামলা হয়। মামলায় কতজনকে আসামি করা হয়েছে তা জানা যায়নি। জানা যায়নি আহতদের বিস্তারিত ঠিকানা।

স্থানীয়রা জানান, বিকেলে সদর উপজেলার সুরাট বাজারে নৌকা ও

স্বতন্ত্র প্রার্থীর সমর্থকরা অবস্থান নেন। তখন পুলিশ তাদের সরিয়ে দেয়। পরে সন্ধ্যায় উভয়পক্ষের সমর্থকরা একই স্থানে ধাওয়া- পাল্টা ধাওয়াই লিপ্ত হন। এতে তাদের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের ৪ জন আহত হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন বলেন, ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। এ ঘটনায় উভয়পক্ষে মামলা হয়েছে। মামলার পর সুরাট ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান আশরাফ হোসেন, সাবেক চেয়ারম্যান কবির হোসেন ও ছাবু জোয়ারদারকে গ্রেপ্তার করা হয়।

ঝিনাইদহে পুর্বাঞ্চলে স্বতন্ত্র প্রার্থীর গণসংযোগ

ঝিনাইদহ সদর উপজেলার গোয়ালপাড়া, হরিশংকরপুর ও হাটগোপালপুর বাজারসহ বিভিন্ন ইউনিয়নে গণসংযোগ করেছেন ঈগল প্রতিকের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

আজ মঙ্গলবার (২৬ ডিসেম্বর) বিকালে তিনি গোয়ালপাড়া বাজারে প্রথম নির্বাচনী সমাবেশে বক্তৃতা দান করেন। আজম আলী মেম্বরের সভাপতিত্বে অনুষ্ঠানে পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ, কালীচরনপুর ইউনিয়নের চেয়ারম্যান যুবলীগ নেতা জাহাঙ্গীর হোসেন, হরিশংকপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাসুম ও আবুল হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। গোয়ালপাড়া বাজারে নির্বাচনী সমাবেশ শেষ করে নাসের শাহরিয়ার জাহেদী মহুল হাটগোপালপুর বাজারে শাহাবুদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে ও হরিশংকরপুর, মধুপুর বাজার ও পোড়াহাটী ইউনিয়নের বিভিন্ন স্থানে গণসংযোগ করেন।

এ সব নির্বাচনী সমাবেশে হাজার হাজার মানুষ অংশ গ্রহন করেন। গণসংযোগকালে ঈগল প্রতীকের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, জেলার মানুষ পরিবর্তন চাই। এখন পরিবর্তনের যুগ, উন্নয়নের যুগ। এমপি নির্বাচতি হলে জেলার পুর্বাঞ্চলের

মানুষের সব সমস্যা পর্যায়ক্রমে সমাধানের আশ্বাস দেন তিনি। তিনি বলেন, জনপ্রতিনিধি না হয়েও তিনি ও তার পরিবার ঝিনাইদহের মানুষকে সাধ্যমতো সেবা করে যাচ্ছেন। আর এই সেবা নিঃস্বর্থ ও মানুষের কল্যানে। তিনি আগামী ৭ জানুয়ারি ঈগল প্রতিকের পক্ষে রায় দেয়ার জন্য ভোটারদের প্রতি উদাত্ত আহবান জানান।

ঝিনাইদহে স্বতন্ত্র প্রার্থীর গণসংযোগ

ঝিনাইদহ-২ আসনের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরীয়ার জাহেদী মহুল ঝিনাইদহ সদর উপজেলার তিনটি ইউনিয়নে গণসংযোগ ও পথসভা করেছেন। এই গণসংযোগের সময় রাস্তায় জনস্রোতের সৃষ্টি হয়। তাকে এক নজর দেখার জন্য এবং জনতার ভালোবাসায় সিক্ত করতে তাদের এই ভিড় দেখা দেয়।

গতকাল সোমবার দুপুর থেকে গভীর রাত পর্যন্ত ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের নগরবাথান বাজার, কুমড়াবাড়িয়া বাজার, বিকালে গান্না ইউনিয়নের ইউনিয়ন পরিষদ ভবনের সামনে এবং সন্ধ্যায় পাগলাকানাই ইউনিয়নের জামতলা এবং গয়াশপুর বাজাবে গণসংযোগ করেণ। এসময় ঈগল প্রতীকের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুলকে দেখার জন্য রাস্তার পাশে হাজার হাজার নারী পুরুষ দাড়িয়ে থাকতে দেখা যায়। তাছাড়া প্রতিটি পথসভায় জনতার ঢল নামে। এ গণসংযোগের সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণ, পাগলাকানাই ইউনিয়নের চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাস, কুমড়াবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শামছুল হক, গান্না ইউনিয়নের চেয়ারম্যান আতিকুল হাসান মাসুম, সুরাটের সাবেক চেয়ারম্যান কবির হোসেন জোয়ারদার, ইউপি সদস্য ওয়াসিম মন্ডল, মাহফুজুর রহমান মাহফুজ, বিল্লাল হোসেন, হাসেম আলী ও মলয় কুমার প্রমুখ।

গণসংযোগের সময় বিভিন্ন পাড়া মহল্লা থেকে নারী পুরুষেরা ছুটে আসেন নাসের শাহরিয়ার জাহেদী মহুলের সঙ্গে সাক্ষাত করতে। সভাশেষে

তিনি সাইদ চেয়ারম্যানকে সঙ্গে নিয়ে বিভিন্ন মানুষের বাড়ি বাড়ি ঈগল প্রতীকের পক্ষে ভোট প্রার্থনা করেন এবং বলেন আমি যদি ভোটে পাশ করি সর্ব প্রথম আমি বেকার সমস্যা সমাধানে হাত দেব, সরকারী এবং বেসরকারী পর্যায়ে অর্থ আয়ের ব্যবস্থ্ করবো, এই জেলায় কেউ কর্মহীন থাকবে না, এছ্ড়াা জেলার মানুষ ও সার্বিক অবস্থার উন্নয়নের কথা তুলে ধরেণ। তাছাড়া তিনি প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ৭ তারিখে ভোট কেন্দ্রে যাবেন এবং যাকে ভাল লাগে তাকে আপনার ভোট প্রয়োগ করবেন বলেও জানান।

হরিণাকুণ্ডুতে স্বতন্ত্র প্রার্থী মহুলের গণসংযোগ

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার দৌলতপুর ইউপি কার্যলয়ের সামনে পৌর এলাকার আমের চারা বাজারে, জোড়াদহ ইউনিয়নের জটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ফলসি ইউনিয়নের ফলসিতে ব্যাপক গণসংযোগ করেছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ সভাপতি রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যালসের চেয়ারম্যান স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

গতকাল বিকালে উপজেলার দৌলতপুর ইউনিয়ন থেকে নির্বাচনী প্রচারাভিযান শুরু করেন। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে প্রথম সভায় বক্তব্য রাখেন ঈগল প্রতিকের প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

অনুষ্ঠানে হরিণাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিয়ার রহমান জোয়ারদার, সাইফুল ইসলাম টিপু মল্লিক, সাইদুর রহমান, সাবদার রহমান ও শাহরিয়ার জাহেদী পিপুল উপস্থিত ছিলেন। নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, জেলার কোন দ্বায়িত্বশীল প্রতিনিধি না হয়েও আমি জেলার মানুষকে অন্তর দিয়ে ভালোবাসি। এই জেলা আমার নয়নের মনি। এরপর আমের চারা বাজারে পথসভায় বক্তব্য রাখেন তিনি। এসভা টানু মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

এসময় তার সাথে ছিলেন উপজেলা আওয়ামী সভাপতি মশিয়ার রহমান

জোয়ারদার, সাইফুল ইসলাম টিপু মল্লিক, শাহরিয়ার জাহেদী পিপুলসহ অন্যান্যরা। সন্ধ্যারপর জোড়াদহ ইউনিয়নের জটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয় এক পথ সভা অনুষ্ঠিত হয়। জোড়াদহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা পলাশের সভাপতিত্বে বক্তব্য রাখেন নাসের শাহরিয়ার জাহেদী মহুল। এসময় উপস্থিত ছিলেন মশিয়ার রহমান জোয়ারদার, এ্যাডভোকেট নজরুল ইসলাম, শাহরিয়ার জাহেদী পিপুলসহ অন্যান্যরা। নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন আমি তরুনদের নিয়ে কাজ করতে চায়। তরুনরা আমার প্রান। তরুনদের কর্মসংস্থান করাই আমার মূল লক্ষ্য হবে। আপনারা নির্ভয়ে ভোট কেন্দ্রে যাবেন যাকে ইচ্ছা তাকে ভোট দিবেন। প্রধান মন্ত্রী শেখ হাসিনা নির্ভয়ে ভোট কেন্দ্রে যাওয়ার নিশ্চয়তা দিয়েছেন। আপনাদের ভয়ের কোন কারণ নেই। এরপর রাতে ফলসি ইউনিয়নের ফলসীগ্রামে গণসংযোগ করেন।

এই পথসভার বক্তৃতায় নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, “উন্নয়ন দিয়ে ঝিনাইদহকে সাজাতে তিনি বদ্ধপরিকর। অন্তত ৩০ বছর ধরে আমি ও আমার পরিবার ঝিনাইদ-হরিণাকুন্ডুর মানুষকে খেদমত করে যাচ্ছি। স্কুল, কলেজ, মসজিদ ও মাদ্রাসার উন্নয়নের প্রচেষ্টা আরো জোরদার করা হবে। প্রতিটি পথসভায় শত শত কর্মী সমর্থক ও সাধারণ ভোটারের ঢল নামে। মহুল সাহেবকে একনজর দেখার জন্য এবং তাকে অভিনন্দন জানাতে রাস্তায় উৎসুক ভীড় জমে। এসময় নেতা কর্মীরা উৎসাহমূলক বিভিন্ন প্রখার শ্লোগান দিতে থাকেন।

কোটচাঁদপুরে স্বতন্ত্র প্রার্থী এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চলের জনসংযোগ

কোটচাঁদপুর শহরের জনসংযোগ চালিয়েছেন, ঝিনাইদহ- ৩ আসেনর সংসদ সদস্য, স্বতন্ত্র প্রার্থী এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। ভোটারদের কাছে ভোট চাইলেন ট্র্যাক প্রতীকে। এ সময় জয়ের ব্যাপারে আশাও প্রকাশ করেন তিনি।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, (কোটচাঁদপুর-মহেশপুর) এ দুই উপজেলা

নিয়ে ঝিনাইদহ- ৩ সংসদীয় আসন গঠিত। গেল ১৮ তারিখ প্রতীক বরাদ্ধ করেন নির্বাচন কমিশন। এরপর থেকে প্রার্থীরা ছুটছেন ভোটারদের দ্বারে দ্বারে। বিতরণ করছেন নির্বাচনী প্রতীক সংম্বলিত লিফলেট।

এর ধারাবাহিকতায় আজ রবিবার বিকেলে কোটচাঁদপুর সোনি আবাসিকের সামনে থেকে জনসংযোগ শুরু করেন সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান (স্বতন্ত্র প্রার্থী)। এরপর তিনি বলুহর বাসস্ট্যান্ড, কোটচাঁদপুর হাসপাতাল মোড়, ব্রীজঘাট মোড়, বাজারসহ পৌর শহরে জনসংযোগ চালান।

এ সময় সঙ্গে ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাজাহান আলী, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, লুৎফর রহমান, কৃষক লীগ নেতা আনোয়ার হোসেন মুকুল, স্বেচ্ছাসেবকলীগ নেতা লিমন হোসেন, ছাত্রলীগ নেতা রাব্বি হাসান, আল-আমীন হোসেন, প্রদীপ হালদার।

এ সময় নির্বাচন সুষ্ট হলে জয়ী হওয়ার ব্যাপারে আশাও প্রকাশ করেন সংসদ সদস্য।

ঝিনাইদহে ৫০০ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতে কাপছে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের মানুষ। তীব্র এই শীতে সমাজের নিম্ন আয়ের মানুষকে একটু উষ্ণতা দিতে ঝিনাইদহে ৫০০ কম্বল বিতরণ করা হয়েছে।

আজ রোববার (২৪ ডিসেম্বর) সকালে শহরের আরাপপুরে আমেরিকা প্রবাসী বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন ফোরাম ৮৬ এর আর্থিক সহযোগিতায় এলাইভ নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠন এ কম্বল বিতরণ করেন। সকালে কম্বল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

সেসময় দৈনিক বীরজনতা পত্রিকার সম্পাদক আর্মিজা শিরিন আক্তার এ্যামি, এলাইভ’র প্রতিষ্ঠাতা মেহেদী মাসুদ উপদেষ্টা এ্যাড. ফারহানা তানি রেশমাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। পরে শহরের বিভিন্ন এলাকার ৫০০ অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীতে কম্বল পেয়ে খুশি হতদরিদ্র মানুষগুলো।

কোটচাঁদপুরে বিএনপির লিফলেট বিতরণ

ডামি নির্বাচন বর্জন ও অসহযোগ আন্দোলনের জনমত তৈরি, দলীয় নেতা কর্মীদের নামে মিথ্যা মামলা, সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে লিফটের বিতরণ করা হয়েছে।

আজ শনিবার (২৩শে ডিসেম্বর) দুপুরে পৌর শহরের বিভিন্ন এলাকায় কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে এ লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট বিতরণের সময় উপস্থিত ছিলেন পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক হুমায়ুন কবির মিলন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু,সাংগঠনিক সম্পাদক (২) শাহাবুদ্দিন সাবু, থানা বিএনপির দপ্তর সম্পাদক শহীদুল ভুইয়া,পৌর বিএনপির প্রচার সম্পাদক কাজি মোস্তাক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবিদ ফিরোজ উদ্দিন মানিক ও সদস্য সচিব মিজান সরকার, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি, পৌর যুবদলের যুগ্ম আহবায়ক মনির হোসেন টুটুল, রিয়াজ হোসেন বেনজামিন,নাহিদ হোসেন টিপু, দোড়া ইউনিয়ন যুবদলের আহবায়ক ও সাবেক ইউপি সদস্য মহিদুল ইসলাম,যুবদল নেতা ইমরান,সোহান,ফয়সল,পৌর ছাত্রদলের যুগ্ম আহবায়ক সাইহাফ আল জাবির প্রমুখ, এ সময় উপজেলা ও পৌর বিএনপি এবং সকল অঙ্গ সংগঠনের নেতা-

কর্মী উপস্থিত ছিলেন।

নির্বাচন উন্মক্ত করে দিয়েছি জনগণ যাকে ভোট দেয় সেই নির্বাচিত হবেন- শেখ হাসিনা

ঝিনাইদহসহ ছয়টি জেলার সাথে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ভার্চুয়ালী জনসভা অনুষ্ঠিত হয়। আজ শনিবার (২৩ ডিসেম্বর) বিকালে ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠ থেকে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ এই ভার্চুয়ালী জনসভায় সংযুক্ত হন। এতে জননেত্রী শেখ হাসিনা ন্ত্রেকোনা, কুষ্টিয়া, ঝিনাইদহ, সাতক্ষীরা, বরগুনা ও রাঙ্গামাটি জেলার সাথে আলাদা আলাদা ভাবে কথা বলেন।

সুচনা বক্তব্যে শেখ হাসিনা বলেন, বঙ্গবন্ধুর হত্যার পর আমি ৬বছর দেশে ঢুকতে পারিনি আমি ১৯৮১ সালে রিফিউজি হিসেবে দেশে ঢুকেছি। দেশে এসে দেখি হাহাকার খাদ্যের অভাব, বিদুত্যের অভাব, সেশনজটসহ নানা সমস্যায় বাংলাদেশ নিমজ্জিত ছিল। আমরা ১৯৯৬সালে ক্ষমতায় আসারপর দেশের উন্নয়ন কাজে হাত দিই এর পর ২০০১সালে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ক্ষমতা হস্তান্তর করি। এরপর আবার উন্নয়ন থেমে যায়। ২০০৮ সালে আবার ক্ষমতায় এসে উন্নয়ন কাজে হাত দেই, বিএনপি দেশটাকে পিছনের দিকে নিয়ে যেতে চায়। বিএনপি জামায়াত আগুন সন্ত্রাস করেছে ভোটে না এসে তারা বিদেশের কাছে অভিযোগ নিয়ে ব্যস্ত আছে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে এজন্য গণতান্ত্রিক ধারা অব্যাহত রাখতে সবাই যেন ভোট দিতে আসতে পারে সেই ব্যবস্থা করতে হবে। আমি নির্বাচন উন্মুক্ত করে দিয়েছি জনগণ যাকে ভোট দেবেন তিনিই নির্বাচিত হবেন এজন্য আপনাদের জনগণের কাছে ভোট চেতে যেতে হবে। এছাড়া তিনি বক্তব্য শেষে সবাইকে নৌকা প্রতীকে ভোট দেওয়ার আহবান জানান।

নেত্রকোনা এবং কুষ্টিয়া শেষে ঝিনাইদহের সাথে যুক্ত হন শেখ হাসিনা ঝিনাইদহ থেকে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন এই ঝিনাইদহ এক সময় সন্ত্রাসের জনপদ ছিল, ছিল

জামায়াত বিএনপির ঘাটি ২০০৮ সালে ক্ষমতায় আসার পর আমরা বারবার এমপি নির্বাচিত করে দিয়েছি। বিএনপি’র সেই সন্ত্রাসীর গড়ফাদার মসিউর রহমান মৃত্যু বরণ করেণ। এখন আর ঝিনাইদহের বিএনপি জাময়াতের সেই ক্ষমতা নেই এখন ঝিনাইদহ আওয়ামী লীগের ঘাটিতে পরিনত হয়েছে। ঝিনাইদহ খাদ্যে সয়ংসম্পুর্ণ হয়েছে মাছ, ধান কলা ফুল ব্যাপক ভাবে উৎপাদন হয়। ফুল সংরক্ষণের জন্য একটি কোল্ডস্টোরেজ প্রয়োজন বলে দাবি করেন। এছাড়া ঝিনাইদহে রাস্তা ঘাট স্কুল কলেজের উন্নয়ন হয়েছে তারপরেও আমাদের প্রাণের দাবি ঝিনাইদহের সাথে রেল সংযোগ স্থাপন, শেখ রাসেল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ কে প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ভেটেরিনারী কলেজকে বিশ্ববিদ্যালয়ে রুপান্তরসহ বিভিন্ন উন্নয়নের দাবি তুলে ধরেণ।

তিনি আরও বলেন আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্যাপক জনগোষ্টি ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে ভোট উৎসব পালন করবে। সর্বশেষে জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই ঝিনাইদহ থেকে ৪টি আসনে নৌকার বিজয় হবে আশা প্রকাশ করেন।

ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের মাড়াই মৌসুমের উদ্বোধন

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অন্যতম ভারিশিল্প মোবারকগঞ্জ সুগার মিলের ২০২৩-২৪ ম্ড়াাই মৌসুমের উদ্বোধন করা হয়েছে। গতকাল শুক্রবার বিকালে মিলের ডোঙ্গায় আখ ফেলে উদ্বোধন করেন বিএসএফআইসি এর প্রধান প্রকৌশলী মো. শহীদুল ইসলাম। চলতি মাড়াই মৌসুমে ৪০ দিনে ৫০ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ৩ হাজার মেট্রিক টন চিনি উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। চিনি আহরণের গড় ৬ শতাংশ হলে এ পরিমান চিনি উৎপাদন হবে বলে জানান কর্তৃপক্ষ। এবছর মিলে প্রতিমন আখের দাম ধরা হয়েছে ২২০ টাকা। এর আগের বছর মন ছিল ১৮০ টাকা। উদ্বোধনের আগে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মিলের ব্যবস্থাপনা পরিচালক মুহম্মদ সাইফুল ইসলামের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

গত ২০২২-২৩ মাড়াই মৌসেুম মিলটি আখের অভাবে মাত্র ২৮ দিনে শেষ করে। ওই মৌসুমে কৃষকরা মাঠে আখ রোপন না করায় মিলের রেকর্ডে সবথেকে কম সময় উৎপাদনে ছিল মিলটি। এ সময়ে মিলটি ৩৫ হাজার ৩৬০ মেট্রিক টন আখ মাড়াই করে ১ হাজার ৭৪৫ মেট্রিক টন চিনি উৎপাদন করেছিল। ওই বছর আখের মন ছিল ১৮০ টাক্।◌া যদিও মিলে রেকর্ড বলছে এর আগে প্রতি মৌসুমে মিল এলাকার কৃষকরা ৮ থেকে ১০ হাজার হেক্টর জমিতে আখচাষ করতো। নানা প্রতিকূল পরিবেশ এবং অল্প সময়ে ফুল ফলসহ বিভিন্ন লাভজনক ফসল চাষ হওয়ায় কমে যাচ্ছে আখচাষ। এছাড়া আখের মুল বৃদ্ধিও ছিল অন্যতম একটি কারন। তবে চলতি মৌসুমে আখের দাম বৃদ্ধি করায় কৃষকরা আবার আখচাষে ফিরছে বলে জানান কৃষকরা ও সংশ্লিষ্ট কর্মকর্তারা।

মিলের মহা-ব্যবস্থাপক (কৃষি) গৌতম কুমার মন্ডল জানান, চলতি রোপন মৌসুমে ৫ হাজার একর জমিতে আখ চাষের লক্ষমাত্রা নির্ধারন করা হয়। গত এক মাসে ২ হাজার ৫০ একর জমিতে চাষ হয়েছে। সামনে আরো এক মাসে প্রায় ১ হাজার জমিতে কৃষকরা আখ চাষ করবে বলে আশিা করা হচ্ছে। এছাড়া মাঠে দন্ডায়মান ৩ হাজার একরের মধ্যে প্রায় দুই হাজার একর মুড়ি আখ থাকবে। সব মিলিয়ে আগামি ২০২৪-২৫ মাড়াই মৌসুমে আখ রোপন ও চিনি উৎপাদন বাড়বে। কৃষকরা আখের মূল্য বেশি পাওয়ায় এবছর আখচাষে ঝুকছেন বলেও যোগ করেন এ কর্মকর্তা।

উল্লেখ্য, ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা শহরে ১৯৬৫ সালে ৩ কোটি ৪৮ লাখ টাকা ব্যয়ে ২০৭.৯৩ একর নিজস্ব জমির উপর নেদারল্যান্ড সরকার মোবারকগঞ্জ চিনিকলটি স্থাপন করে। এরমধ্যে ২০.৬২ একর জমিতে কারখানা, ৩৮.২২ একর জমিতে কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীদের জন্য আবাসিক কলোনী, ২৩.৯৮ একর পুকুর এবং ১০৭ একর জমিতে পরীক্ষামূলক ইক্ষু খামার। এছাড়া ১৮.১২ একর জমিতে জুড়ে রয়েছে সাবজোন অফিস ও আখ ক্রয় কেন্দ্র। প্রতিষ্ঠাকালীন মৌসুমে পরীক্ষামূলকভাবে ৬০ কর্মদিবস আখ মাড়াই চলে। লক্ষ্য পূরণ হওয়ায় ১৯৬৭-১৯৬৮ মাড়াই মৌসুম থেকে বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদন শুরু করে। ঝিনাইদহের ৬ উপজেলা ছাড়াও যশোরের দু’টি উপজেলা নিয়ে গঠিত মিলে আটটি জোনের আওতায় চাষযোগ্য জমির পরিমাণ রয়েছে সাড়ে তিন লাখ একর। আখ ক্রয় কেন্দ্র রয়েছে ৪৮টি।